লেন্স এশিয়া

LENS ASIA
২৫ সেপ্টেম্বর, ২০২৫

# হাইকোর্টের আদেশে নিবন্ধন পেলো বাংলাদেশ লেবার পার্টি




সংগৃহীত ছবি

হাইকোর্টের রায় অনুযায়ী নির্বাচন কমিশন (ইসি) বাংলাদেশ লেবার পার্টিকে রাজনৈতিক দল হিসেবে নিবন্ধন দিয়েছে। দীর্ঘ আইনি লড়াই শেষে দলটির সভাপতি মোস্তাফিজুর রহমান ইরানের দায়ের করা রিটের প্রেক্ষিতে এই সিদ্ধান্ত আসে।

বাংলাদেশ লেবার পার্টি অবশেষে আনুষ্ঠানিকভাবে রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত হলো। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) হাইকোর্টের রায়ের আলোকে নির্বাচন কমিশন দলটিকে নিবন্ধন সনদ প্রদান করে।

সনদে উল্লেখ করা হয়েছে, দ্যা রিপ্রেজেন্টেশন অব দ্যা পিপল অর্ডার, ১৯৭২ এর পরিচ্ছেদ VIA অনুযায়ী গত ২৯ মে হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ অনুসারে এই নিবন্ধন দেওয়া হয়েছে।

LENS ASIA

এর আগে, ২০২৩ সালের সেপ্টেম্বরে দলটির সভাপতি মোস্তাফিজুর রহমান ইরান নিবন্ধনের দাবিতে হাইকোর্টে রিট করেন। রিটের শুনানি শেষে ৫ নভেম্বর আদালত রুল জারি করে জানতে চান কেন লেবার পার্টিকে নিবন্ধন দেওয়া হবে না।

পরে চলতি বছরের ২৯ মে হাইকোর্ট বাংলাদেশ লেবার পার্টিকে রাজনৈতিক দল হিসেবে ১ মাসের মধ্যে নিবন্ধন দেওয়ার নির্দেশ দেয়। অবশেষে প্রায় চার মাস পর সেই রায়ের বাস্তবায়ন হলো এবং আনুষ্ঠানিকভাবে নিবন্ধন পেল দলটি।